

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৮-১৯ অর্থবছরের ৮ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সিরাজুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
সভার তারিখ : ২০শে ফেব্রুয়ারি, ২০১৯ ইং
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০১.১৮-২০৭৯; তারিখ-২৯/০৭/২০১৮ ইং)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৩.	০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন	০৫ দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানের সিদ্ধান্তের প্রেক্ষিতে পিকেএফএফ বা অন্য সমধর্মী প্রতিষ্ঠানের সাথে আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	০৫ দিনের কর্মসূচি আয়োজনের বিষয়ে পিকেএফএফ বা অন্য সমধর্মী প্রতিষ্ঠানের অনুষ্ঠিতব্য কর্মসূচীতে অথরিটির প্রতিনিধি পাঠানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৪.	ডিজিটাল লাইব্রেরী ম্যানেজমেন্ট এর অগ্রগতি	ডিজিটাল লাইব্রেরী ম্যানেজমেন্টকে আরও আধুনিকায়নের লক্ষ্যে কমিটি ও সংশ্লিষ্ট উদ্ভাবক জনাব মোঃ আনোয়ার হোসেন এর সাথে আলোচনা করা হয়।	আলোচনায় উত্থাপিত বিষয়, যেমনঃ ক্যাটাগরির ভিত্তিতে বইয়ের তালিকা প্রণয়ন, অনলাইনে বইয়ের চাহিদা প্রদান ইত্যাদি বিষয়ে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ আনোয়ার হোসেন
৫.	সেরা উদ্ভাবনী ধারণা নির্বাচন	অথরিটি হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো হতে সেরা উদ্ভাবনী ধারণা নির্বাচনের বিষয়ে আলোচনা করা হয়।	সেরা উদ্ভাবনী ধারণা প্রদানকারীকে পুরস্কার প্রদানের উদ্দেশ্যে কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে ও ইনোভেশন বক্স হতে ধারণাসমূহ সংগ্রহ করে এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব সৈয়দ আশিক ইমতিয়াজ
৬.	ইনোভেশন টিম পুনর্গঠন	নতুন ইনোভেশন টিম গঠনের বিষয়ে আলোচনা করা হয়।	উপপরিচালক জনাব সুতপা চৌধুরী এমএফ-সিআইবি প্রকল্পে লিয়েনে চলে যাওয়ায় পূর্ববর্তী ইনোভেশন টিমের ৫ সদস্য নিয়ে নতুন টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



(মোঃ সিরাজুল হক)

ইভিসি (চলতি দায়িত্ব) ও ইনোভেশন অফিসার
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি





পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ সিরাজুল হক	ইভিসি (চলতি দায়িত্ব) ও ইনোভেশন অফিসার	ইনোভেশন অফিসার	
২.	সুতপা চৌধুরী	উপপরিচালক	সদস্য	
৩.	মুহাম্মদ শহিদুল ইসলাম	উপপরিচালক	সদস্য	
৪.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৫.	জিনাত আমান বন্যা	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য সচিব	
৬.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য	

৪/১০/২১
৪/১০/২১